



নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯(অংশ-২)-১৬৩

তারিখ: ০২ চৈত্র ১৪২৬
১৬ মার্চ ২০২০

বিষয়: চাঁদপুর পৌরসভা সাধারণ নির্বাচন পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করণ প্রসঙ্গে


সূত্র: জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর ও রিটার্নিং অফিসারের স্মারক নং (১) ১৭.১০.১৩০০.০০০.৩৮.০০১.২০-২৫৫ তারিখ: ১৪ মার্চ ২০২০
(২) ১৭.১০.১৩০০.০০০.৩৮.০০১.২০-২৪৬ তারিখ: ১৩ মার্চ ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফসিল মোতাবেক ২৯ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য চাঁদপুর পৌরসভা সাধারণ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) কর্তৃক মনোনীত প্রার্থী ১৩ মার্চ ২০২০ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২০ অনুসারে মেয়র পদের নির্বাচনী কার্যক্রম বাতিল ঘোষণাকরতঃ গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

০২। চাঁদপুর পৌরসভা নির্বাচনে মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মৃত্যুজনিত কারণে মেয়র পদের নির্বাচন কার্যক্রম বাতিল ঘোষণা করায় পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সংরক্ষিত আসনে কাউন্সিলর ও সাধারণ আসনে কাউন্সিলর পদের নির্বাচন স্থগিত করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৩। তবে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২০ এর উপবিধি (৩) অনুসারে নতুন তফসিল ঘোষণার পর মেয়র পদে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থী ব্যতীত আগ্রহী অন্যদের প্রার্থী হওয়ার সুযোগ দেয়ার বিধান থাকবে, কিন্তু স্থগিত সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে নতুন কোন প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকবেনা। ফলে সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে যে পর্যায় থেকে নির্বাচন স্থগিত করা হবে, সে পর্যায় থেকে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজন হবে। এ বিষয়ে পরবর্তীতে নির্দেশনা দেয়া হবে।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)

Email: sasemc1@gmail.com

জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর

ও

রিটার্নিং অফিসার, চাঁদপুর পৌরসভা নির্বাচন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯(অংশ-২)-১৬৩

তারিখ: ০২ চৈত্র ১৪২৬
১৬ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব/ভারপ্রাপ্ত সচিব (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৯. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. জেলা প্রশাসক, চাঁদপুর
১২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
১৩. পুলিশ সুপার, চাঁদপুর
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. উপজেলা নির্বাচন অফিসার, সদর, চাঁদপুর ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর, চাঁদপুর।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় -১ শাখা

ফোন : ০২-৫৫০০৭৬১০